দৈনিক সংবাদ

তারিখ ··· 19 NOV 1994 ···
পৃষ্ঠা ৬ কলাম ৬

02

# পহেলা জানুয়ারি থেকে জেলা শহরে গ্রন্থমেলা

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের ৬৪টি জেলা শহরে একযোগে ৬৪টি গ্রন্থমেলা হবে। এজন্য খরচ হবে প্রায় ১ কোটি টাকা। আগামী ১লা জানুয়ারি থেকে ৭ই জানুয়ারি পর্যন্ত এই মেলা হবে। বাংলাদেশে এক সাথে সব জেলা শহরে গ্রন্থমেলার আয়োজন এই প্রথম। পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহ-যোগিতায় জাতীয় গ্রন্থ কেন্দ্র দেশব্যাপী এ মেলার উদ্যোগ নিয়েছে।

এ বছরের প্রথম দিকে সরকার জাতীয় গ্রন্থনীতি ঘোষণা করেছে। দেশে লেখক, প্রকাশক ও পাঠকরা স্বাধীনতার পর থেকে দীর্ঘদিন ধরে গ্রন্থনীতি প্রণয়নের দাবি জানিয়ে আসছিলেন। জাতীয় গ্রন্থনীতিতে সারাদেশে গ্রন্থমেলা অনুষ্ঠানের কথা বলা হয়েছে। গ্রন্থনীতির প্রথম বাস্তবায়ন হচ্ছে গ্রন্থমেলা অনুষ্ঠানের মধ্য দিয়ে। প্রধানমন্ত্রী রাজধানীতে মেলা উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে।

জাতীয় গ্রন্থ কেন্দ্রের উদ্যোগে প্রতিবছর রাজধানীতে জাতীয় গ্রন্থমেলা অনুষ্ঠিত হয়। বাংলা একাডেমি প্রাঙ্গণে একুশের গ্রন্থ-মেলার সাথে এ মেলার চরিত্রগত পার্থক্য আছে। এ বছর ('৯৪ সালে) গ্রন্থ কেন্দ্র আয়োজিত গ্রন্থমেলা অনুষ্ঠিত হয় ওসমানী স্মৃতি মিলনায়তনে ১ থেকে ১৫ই জানুয়ারি পর্যন্ত। সে গ্রন্থমেলা উদ্বোধন করতে গিয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রতিবছর ১লা জানুয়ারি গ্রন্থ দিবস এবং ১ থেকে ৭ই জানুয়ারি পর্যন্ত গ্রন্থ সপ্তাহ হিসেবে পালনের ঘোষণা দেন। গ্রন্থ সপ্তাহে গ্রন্থমেলা অনুষ্ঠানেরও কথা উল্লেখ করেন তিনি।

জেলা শহরগুলোতে গ্রন্থমেলা হবে ১ সপ্তাহ, রাজধানীতে হবে ১৫ দিনের জন্য। জেলা শহরে জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় এবং রাজধানীতে গ্রন্থ কেন্দ্রের ব্যব-স্থাপনায় মেলা হবে।

সারাদেশে বইমেলা করার জন্য সরকার ২০ লাখ টাকা দিয়েছে। এ থেকে প্রতি মেলা আয়োজকদের দেয়া হবে ৩০ হাজার টাকা করে। ঢাকায় যে মেলা হবে তাতে সংস্কৃতি মন্ত্রণালয় দিয়েছে সাড়ে ১৫ লাখ টাকা। তবে এখানে খরচ হবে প্রায় ৫০ লাখ টাকা। বাকি টাকা স্পন্সর হিসেবে বিভিন্ন প্রতিষ্ঠান খরচ করবে। মেলা উপলক্ষে সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। রাজধানীর গ্রন্থমেলা হবে আন্তর্জাতিকমানের। এতে ১০টি দেশ অংশ নেবে বলে আশা করা হচ্ছে। তবে মেলায় বিদেশী বই শুধু প্রদর্শনীর জন্য থাকবে, বিক্রি হবে না। মেলায় স্থানীয় বই বিক্রেতারা নয়, শুধু প্রকাশকরা অংশ নেবেন। নিজের প্রকাশনী ছাড়া অন্যের বই বিক্রি করা যাবে না। রাজধানীর মেলা হবে বিজয় সরণিতে। মেলায় প্রবেশ করতে ২ টাকা ফি দিতে হবে। প্রবেশপত্রের লটারি করে আকর্ষণীয় পুরস্কার দেয়া হবে।

গ্রন্থমেলা উপলক্ষে ইতিমধ্যে সারাদেশে প্রকাশক ও পাঠকদের মধ্যে ব্যাপক সাড়া জেগেছে। পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির একজন কর্মকর্তা জানান, এই মেলা সফলভাবে সম্পন্ন হলে দেশে গ্রন্থ প্রকাশনা এবং বই বিক্রির ক্ষেত্রে বিপ্লব ঘটবে। বই বিক্রি যেমন বাড়বে তেমনি অসংখ্য নতুন পাঠক সৃষ্টি হবে।